Regulation of the Chancellor

NYC Department of Education

শ্রেণি:	শিক্ষার্থী	জারি: ৭/১/১১		নম্বর:	**A-755**
বিষয়:	আত্মহত্যা নিবারণ/প্রতিবিধান			পৃষ্ঠা:	১ এর ১

<u>পরিবর্তনের সংক্ষিপ্তসার</u>

এই প্রবিধান ২০ জানুয়ারি ২০১১ তারিখে জারিকৃত A-755 প্রবিধানটিকে হালনাগাদ করে ও তার স্থলাভিষিক্ত হয়।

<u>পরিবর্তনসমূহ:</u>

- এই প্রবিধান পরিমার্জন করা হয়েছে এটি প্রতিফলিত করতে যে আত্মহত্যার চেষ্টা করেছে বা সম্ভাব্য আত্মহত্যাপ্রবণ আচরণ প্রদর্শন করেছে এমন শিক্ষার্থীদেরকে স্কুল কর্মকর্তাদের সিএসই-তে প্রেরণ অথবা একটি ৫০৪ সংস্থান বৈঠকের জন্য অনুরোধ করার বিষয়টি স্কুল কর্মকর্তাদের বিবেচনা করা উচিত। (দ্রষ্টব্য সেকশন **III.D,** পৃষ্ঠা ৫; সংযুক্তি ১।)
- এই প্রবিধান চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্কস-সহ ডিপার্টমেন্ট অব এডুকেশনের বর্তমান বিন্যাস প্রতিফলিত করার উদ্দেশ্যে পরিমার্জন করা হয়েছে। (দ্রষ্টব্য সংযুক্তি ১।)
- সহায়সঙ্গতি নতুন এবং লভ্য মানসিক স্বাস্থ্য পরিসেবা (দ্রষ্টব্য সংযুক্তি ২) প্রতিফলিত করার জন্য হালনাগাদ করা হয়েছে।

সারাংশ

এই প্রবিধান ২০ জানুয়ারি ২০১১ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-755 হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়। সাম্প্রতিক বছরগুলোয় স্কুল বয়সী তরুণদের মধ্যে আত্মহত্যা এবং আত্মহত্যা প্রচেষ্টার ঘটনা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে। এই প্রবিধান সম্ভাব্য অথবা প্রকৃত আত্মহত্যাপ্রবণ আচরণ মোকাবেলায় স্কুলের ভূমিকার প্রতি অভিনিবেশ করে এবং প্রত্যেক স্কুলকে একটি স্কুল ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান প্রণয়নে সহায়তা করার লক্ষ্যে পথনির্দেশ জোগায়। সম্ভাব্য কোন আত্মহত্যা প্রচেষ্টার তথ্য জানা থাকলে, শিক্ষার্থী তা গোপন রাখতে অনুরোধ করুক বা না করুক, প্রিন্সিপ্যাল বা স্থলাভিষিক্ত ব্যক্তির গোচরীভূত করা প্রত্যেক কর্মকর্তার দায়িত্ব। শুধু স্কুল বেজড মেন্টাল হেলথ প্রোগ্রাম (এসবিএমএইচপি) প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা, যেমন গাইডেন্স কাউন্সেলর, সাইকোলজিস্ট, সোশ্যাল ওয়ার্কার, এবং সাইকিয়াট্রিস্টরা যথাযথ কাউন্সেলিং পরিসেবা প্রদান করতে পারবেন। এই কর্মকর্তারা স্কুল ক্রাইসিস রেসপন্স/প্রিভেনশন এডুকেশন/ইন্টারভেনশন টিম গঠনের জন্য গুরুত্বপূর্ণ। প্রিন্সিপ্যাল কর্তৃক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যেমন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, গাইডেন্স কাউন্সেলর, সোশাল ওয়ার্কার, মেন্টাল হেলথ ওয়ার্কারদের আত্মহত্যাপ্রবণ আচরণের কথা অবশ্যই পিতামাতাদের অবহিত করতে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশনের "অনলাইন অকারেন্স রিপোর্ট" পূরণ করতে হবে।

ভূমিকা

শিক্ষার্থীরা প্রায়শ সহপাঠী, শিক্ষক এবং অন্যান্য কর্মকর্তার কাছে তাদের আত্মহত্যা করার ইচ্ছা সংক্রান্ত ইঙ্গিত দিয়ে থাকে। অতএব, সব স্কুল কর্মকর্তাকে (শিক্ষক এবং শিক্ষক নয় এমন) আত্মহত্যা প্রবণতার ইঙ্গিত দেয় এমন আচরণগত লক্ষণ সম্পর্কে সচেতন করার বিষয়টি গুরুত্বপূর্ণ। আত্মহত্যা সংক্রান্ত সব আচরণ গুরুত্বের সঙ্গে গ্রহণ করতে হবে।

I. প্রশাসন

প্রত্যেক এলেমেন্টারি, ইন্টারমিডিয়েট, জুনিয়র হাই স্কুল, হাই স্কুল, এবং সিটিব্যাপী স্পেশাল এডুকেশন প্রোগ্রামের প্রিন্সিপ্যাল নিম্নলিখিত কাজগুলো করবেন:

A. একজন কর্মকর্তাকে স্কুলের স্কুল সুইসাইড প্রিভেনশন লিয়াজোঁ হিসাবে কাজ করার জন্য দায়িত্ব প্রদান। তিনি আত্মহত্যা নিবারণ শিক্ষা/প্রতিবিধান সংক্রান্ত সকল বিষয়ে চিলড্রেন্স ফার্স্ট নেটওয়ার্ক (সিএফএন) ইউথ ডেভেলপমেন্ট লিয়াজোঁর সঙ্গে স্কুলের সংযোগ হিসাবে দায়িত্বপালন করবেন। ডিওই-র "অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম" (ওওআরএস)-এ আত্মহত্যার রিপোর্ট সম্পন্ন করার দায়িত্ব লিয়াজোঁর। তিনি স্কুলের "ক্রাইসিস টিম" (দ্রষ্টব্য নিচের সেকশন I.B) এরও সদস্য।

B. একটি স্কুল সংকট মোকাবেলা/নিবারণ শিক্ষা/প্রবিধান দল ("ক্রাইসিস টিম") গঠন। ক্রাইসিস টিম বিদ্যমান শিক্ষার্থীসংক্রান্ত কর্মচারীবৃন্দ বা সামগ্রিক স্বাস্থ্য দলের (কমপ্রিহেনসিভ হেলথ টিম) অংশ হতে পারে। ক্রাইসিস টিমে স্কুলের দায়িত্বপ্রাপ্ত সুইসাইড লিয়াজোঁ এবং স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মীদের অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। ক্রাইসি টিম একটি মাল্টাইডিসিপ্লিনারি দল যেখানে স্কুল প্রিন্সিপ্যাল, দায়িত্বপ্রাপ্ত সুইসাইড লিয়াজোঁ, গাইডেন্স কাউন্সেলর, শিক্ষক, স্কুলভিত্তিক সহায়তা দল, সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন অ্যান্ড ইন্টারভেনশন স্পেশালিস্ট (এসএপআইএস), হেলথ রিসোর্স কোঅর্ডিনেটর, স্কুল নার্স, স্কুলবেজড মেন্টাল হেলথ প্রোভাইডার (এসবিএমএইচপি) পার্সনেল এবং অন্যান্য কর্মকর্তা যাদের আত্মহত্যা সম্পর্কে ধারণা এবং এ বিষয়ে কাজ করার জ্ঞান আছে তাদেরকে অন্তর্ভুক্ত করা যায়।

C. নিশ্চিত করা যে, স্কুলের আত্মহত্যা নিবারণ/প্রতিবিধান পরিকল্পনা পুরোপুরি বাস্তবায়ন হয়েছে।

D. নিশ্চিতকরণ যে আত্মহত্যা সম্পর্কিত রেফারেন্স গাইড – আত্মহত্যা ঝুঁকির বিপদলক্ষণ এবং ব্যবস্থাগ্রহণ প্রক্রিয়া (সংযুক্তি নম্বর ১) এবং "নিউ ইয়র্ক সিটির কিশোর-কিশোরীদের জন্য মানসিক স্বাস্থ্য ও সমাজ পরিসেবা" (সংযুক্তি ২) সব স্কুল কর্মকর্মতাদের সরবারাহ করা হয়েছে।

E. নিশ্চিত করা যে, আত্মহত্যা সংক্রান্ত রেফারেন্স গাইড, ক্রাইসিস টিমের সদস্যদের তালিকা এবং প্রতিবিধান প্রক্রিয়া দৃশ্যমান স্থানে টানান হয়েছে।

F. http://www.omh.state.ny.us/omhweb/licensing/bic/locatebic1.asp ঠিকানায়, নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ থেকে, প্রয়োজনবোধে, একজন পরিষেবা প্রদানকারীকে চিহ্নিতকরণ

II. শিক্ষার মাধ্যমে নিবারণ

শিক্ষার মাধ্যমে আত্মহত্যা নিবারণের লক্ষ্য হচ্ছে আত্মহত্রাপ্রবণ আচরণের বিপদলক্ষণ অথবা এই আচরণে ইন্ধন জোগাতে পারে এমন কারণগুলোর ক্ষেত্রে স্কুল কম্যুনিটির (শিক্ষক/এবং শিক্ষক নন এমন কর্মচারী, পিতামাতা, শিক্ষার্থী, ইত্যাদি) সচেতনতা বৃদ্ধি এবং তাদের জন্য যথাযথ নিবারণ/প্রতিবিধান পরিসেবার সুবিধাগ্রহণ সুগম করা। বিপদলক্ষণ এবং উপসর্গগুলো, অন্যান্য কারণ এবং ভিন্ন ভিন্ন পরিস্থিতির সঙ্গে মিলিয়ে, সতর্কভাবে ব্যাখ্যা করতে

হবে। কিছু কিছু উপসর্গ এবং বিপদলক্ষণ বিষয়ে আত্মহত্যা সংক্রান্ত রেফারেন্স গাইড দেখুন (সংযুক্তি ১)।

A. ক্রাইসিস টিম-এর দায়িত্বাবলি

প্রত্যেক স্কুল ক্রাইসিস টিমকে অবশ্যই:

1. আত্মহত্যাপ্রবণ আচরণ প্রদর্শনকারী শিক্ষার্থীদের জন্য প্রতিবিধান এবং সহায়তাদানে স্কুলের করণীয় পদক্ষেপ প্রতিষ্ঠা করে এমন একটি স্কুল ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান প্রণয়ন করতে হবে। পরিকল্পনায় থাকতে হবে:

    a. নিবারণ-শিক্ষা/প্রতিবিধান এবং নিবারণ-উত্তর (ফলো আপ) পদক্ষেপ ও কার্যক্রম গ্রহণ;

    b. বাস্তবায়নের জন্য একটি সময়সীমার অন্তর্ভুক্তি;

    c. পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম এবং তাদের প্রাসঙ্গিক ভূমিকা দায়িত্বাবলির অন্তর্ভুক্তি; এবং

    d. স্কুলের "সংহত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পন" এর অংশ হিসাবে অন্তর্ভুক্তি।

2. প্রত্যেক স্কুলবছরের শূরুতে প্রথম দুই মাসের মধ্যে স্কুল কর্মচারীদের জন্য একটি ওরিয়েন্টশন সেশন পরিচালন করতে হবে। ওরিয়েন্টেশন সেশনে স্কুলের আত্মহত্যা নিবারণ-শিক্ষা/প্রতিবিধান পরিকল্পনা সমগ্র স্কুল কম্যুনিটির কাছে উপস্থাপন করতে হবে। প্রশাসনিক কনফারেন্স, কর্মচারী বৈঠক, শিক্ষক কনফান্সে এবং শিক্ষক নন এমন কর্মকর্তা ও পিতামাতাদের বৈঠকেও এটি উপস্থাপন করা যেতে পারে।

3. স্কুলের সব কর্মচারীর জন্য শিক্ষক প্রশিক্ষণ/পেশাগত উন্নয়নের ব্যবস্থা বা পরিচালনা করতে হবে। এই প্রশিক্ষণে প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত স্কুল লিয়াজোঁর কাছে আত্মহত্যা প্রচেষ্টা এবং/অথবা আত্মহত্যপ্রবণ আচরণ সম্পর্কিত তাৎক্ষণিক রেফারেলের প্রতি অভিনিবেশ করা দরকার। উপরন্তু, কর্মচারীদের অবশ্যই আত্মহত্যার ঝুঁকি, ঝুঁকিমূলক আচরণ, শনাক্তকরণযোগ্য লক্ষণ, রেফারেল প্রক্রিয়া, ফলো-আপ স্ট্রাটেজি সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য জোগাতে এবং সম্ভাব্য আত্মহত্যাপ্রবণ শিক্ষার্থীদের বিশেষ চাহিদা বিষয়ে কর্মচারীদের সংবেদনশীল করতে হবে।

4. সব শিক্ষার্থীর মধ্যে মৃত্যুর নিত্যতা সম্পর্কে বোধ সৃষ্টি এবং, যখন প্রয়োজন, সাহায্য প্রার্থনা দ্বারা নিজের এবং অন্যের বিষয়ে দায়িত্বশীলতার পরিচয় প্রদানের জন্য উন্নয়নগতভাবে যথাযথ শিক্ষার্থী সচেতনতা কর্মকাণ্ড জোগান।

5. কম্যুনিটির মধ্যে সাংগঠনিক সহায়তা সমন্বয় করা, মানসিক স্বাস্থ্য সংস্থা এবং হাসপাতালগুলোর সঙ্গে যোগাযোগ প্রতিষ্ঠা করা এবং যথাযথ নিবারণ-শিক্ষা/প্রতিবিধান কৌশল সম্পর্কে পিতামাতাদের প্রশিক্ষণ দেয়া। এই প্রশিক্ষণ হবে স্কুলের সামগ্রিক স্বাস্থ্য কর্মসূচির অংশ। দল কম্যুনিটি সংস্থা/দলগুলোকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য উৎসাহ দেবে। এটি সুপারিশ করা হয় যে অব্যাহত যোগাযোগ, প্রশিক্ষণ এবং সর্বোচ্চ সহযোগিতা নিশ্চিত করার জন্য দল মাঝে মাঝে হাসপাতাল সংস্থা কর্মচারীদের সঙ্গে বৈঠক করবে।

6. কম্যুনিটি মানসিক স্বাস্থ্য সংস্থা এবং হাসপাতালগুলোকে স্কুলের আত্মহত্য নিবারণ-শিক্ষা/প্রতিবিধান পদক্ষেপ সম্পর্কে অবহিত করা। ক্রাইসিস টিম প্রত্যেক সংস্থা এবং/অথবা হাসপাতালের লিয়াজোঁর উল্লেখসহ একটি বিশদ কম্যুনিটি রিসোর্স এবং রেফারেন্স তালিকা প্রণয়ন ও ব্যবহার করবে। সহায়সঙ্গতির তালিকা ফি বছর হালনাগাদ করতে হবে।

III. প্রতিবিধান প্রক্রিয়া

প্রত্যেক কর্মকর্তাকে আত্মহত্যার প্রচেষ্টা বা সম্ভাব্য আত্মহত্যা সম্পর্কিত তথ্য প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত নিয়োজককে অবহিত করতে হবে শিক্ষার্থী এই তথ্য গোপন রাখার জন্য অনুরোধ করে থাক বা না থাক।

A. আত্মহত্যা প্রচেষ্টা

1. নিবারণ পদক্ষেপ

যখন কোন কর্মকর্তার কাছে আত্মহত্যা প্রচেষ্টা সম্পর্কিত খবর থাকে, তখন নিম্নলিখিত পদক্ষেপগুলো অবশ্যই গ্রহণ করতে হবে:

a. কর্মকর্তাকে অবশ্যই সহায়তা চাইতে এবং প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবহিত করতে হবে।

b. কর্মকর্তাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থী **সকল অবস্থাতেই** সঙ্গীহীন **নয়**।

c. কর্মকর্তাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে যথাযথ ফার্স্ট এইড প্রক্রিয়া প্রয়োগ করা হয়েছে।

d. কর্মকর্তাকে অবশ্যই 911-এ যোগাযোগ করতে হবে যাতে শিক্ষার্থীকে নিকটবর্তী হাসপাতালে স্থানান্তরিত ও ভর্তি করা যায়।

e. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত **ব্যক্তিকে** অবশ্যই পিতামাতাকে অবহিত করবেন এবং তাকে স্কুলে অথবা সংশ্লিষ্ট হাসপাতালে ডেকে পাঠাবেন। শিক্ষার্থীকে যদি বাধ্যতামূলকভাবে হাসপাতালে স্থানান্তরিত করতে হয় এবং পিতামাতা এসে না পৌঁছন, তাহলে স্কুলের একজন কর্মকর্তাকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে হাসপাতালে যেতে হবে। পিতামাতা যদি কর্মকর্তার স্কুলদিনের শেষে এসে না পৌঁছন, তাহলে কর্মকর্তাকে অবশ্যই প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তর সঙ্গে হাসপাতালে যোগাযোগ করতে হবে।

2. উত্তর-নিবারণ/ফলো-আপ প্রক্রিয়া

প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে শিক্ষার্থী ও পিতামাতাকে সাহায্য করার জন্য **শিক্ষার্থীর** আত্মহত্যা প্রচেষ্টার পর অবশ্যই নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে:

a. যথাযথ স্কুল সহায়তা নিশ্চিত করার জন্য পিতামাতা এবং এসবিএমএইচপি অথবা একটি বহিরাগত চিকিৎসা পরিসেবা প্রদানকারীর সঙ্গে অব্যাহত যোগাযোগ রক্ষা করতে হবে।

b. যথাযথ শিক্ষাদান অব্যাহত রাখা। কোন শিক্ষার্থীকে "চিকিৎসকের ছাড়পত্র" বা "স্কুলে প্রত্যাবর্তনের অনুমতিপত্র" **প্রাপ্তি** সাপেক্ষে **থাকা অবস্থা** স্কুলে আসা থেকে বিরত রাখা যাবে না।

c. শিক্ষার্থী স্কুলে ফিরে আসার পর যথাযথ স্কুল গাইডেন্স এবং কাউন্সেলিং পরিসেবা প্রদান করা। এর মধ্যে থাকতে পারে, তবে এতেই সীমাবদ্ধ নয়:

i. শিক্ষার্থী এবং পরিবারের সঙ্গে যোগাযোগ বজায় রাখা;

ii. এসবিএমএইচপি, হাসপাতাল এবং মানসিক স্বাস্থ্য **সংস্থা**গুলোর সঙ্গে যোগাযোগ করা;

iii. **স্কুলের দায়িত্ব**গুলো **পালন করতে ও খাপখাইয়ে নিতে** শিক্ষার্থীকে সাহায্য করা;

iv. যেখানে প্রযোজ্য সেখানে স্কুল কর্মসূচির সঙ্গে মানিয়ে নেয়া; এবং/অথবা

v. বাইরের সাহায্যের সঙ্গে স্কুলের পরিসেবাগুলোর সমন্বয় করা।

vi. ঘটনাটি যদি বৃহত্তর স্কুল কম্যুনিটিতে অভিঘাত সৃষ্টি করে, তাহলে পরিস্থিতি মোকাবেলায় কর্মকর্তা এবং শিক্ষার্থীদের সাহায্য করার জন্য ক্রাইসিস টিমকে তলব করতে হবে।

B. আত্মহত্যাপ্রবণ আচরণ

1. বিপদলক্ষণ

যখনি শিক্ষার্থী মুখে বা লিখিতভাবে আত্মহত্যার বিশদ পরিকল্পনা ব্যক্ত করে অথবা নিম্নলিখিত আচরণের বৈশিষ্ট্যগুলোর কয়েকটি একত্রে প্রদর্শন করে, **তখনি** পরিস্থিতি**টিকে** জীবনের জন্য হুমকিস্বরূপ মনে করতে হবে:

- মারাত্মক অথবা অব্যাহত মৃত্যুশোক
- অতীত আত্মনাশী আচরণ
- সম্পূর্ণ আত্মসংবৃত্তি/একাকিত্ব

- নৈরাশ্যবোধ
- **দীর্ঘমেয়াদি** অবসাদ
- **দীর্ঘমেয়াদি** মাদক অপব্যবহার
- স্কুলে ক্রমঅবনতিশীল কর্মসম্পাদনা
- বাস্তবতাবোধ বিস্মৃতি
- আবেগশূন্যতা/অসঙ্গত প্রক্রিয়া
- আক্রোশ/ক্রোধ

2. প্রতিবিধান পদক্ষেপ

নিম্নলিখিত পদক্ষেপগুলো অবশ্যই গ্রহণ করতে হবে যখন কোন কর্মকর্তা আত্মহত্যাপ্রবণ আচরণ সম্পর্কে জানবেন:

a. কর্মকর্তাকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবহিত করতে হবে।

b. কর্মকর্তাকে অবশ্যই **911**-এ ফোন করতে হবে যেখানে প্রযোজ্য।

c. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত **ব্যক্তি** অবশ্যই পিতামাতার সঙ্গে যোগাযোগ করবেন এবং তাদেরকে গুরুতর এবং সম্ভাব্য বিপজ্জনক প্রকৃতির পরিস্থিতি সম্পর্কে সচেতন করে তোলার পাশাপাশি একটি তাৎক্ষণিক কর্মপরিকল্পনা গ্রহণে সহায়তা করবেন, যেমন এসবিএমএইচপি-তে রেফারেল, স্থানীয় হাসপাতাল, মানসিক স্বাস্থ্য সংস্থা বা অন্যান্য যথাযথ সহায়তা পরিসেবার ঠিকানা।

d. শিক্ষার্থী যদি আত্মহত্যা প্রচেষ্টার উপায় সম্পর্কিত কোন ইঙ্গিত করে থাকে, তাহলে অবিলম্বে নিবারণমূলক ব্যবস্থার জন্য পিতামাতাকে অবশ্যই অবহিত করতে হবে। উপরন্তু, আত্মহত্যা প্রচেষ্টা বাস্তবায়ন কর্মপ্রক্রিয়া (যেমন, মারাত্মক অস্ত্র বা ওষুধ/ড্রাগ) থেকে শিক্ষার্থীকে **দূরে** রাখার জন্য পিতামাতাকে "বিধিনিষেধের উপায়" সম্পর্কে পরামর্শ দিতে হবে।

3. উত্তর-প্রতিবিধান/ফলো-আপ কর্মকাণ্ড

যথাযথ স্কুল সহায়তা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পিতামাতা এবং চিকিৎসা পরিষেবা প্রদানকারীর সঙ্গে অব্যাহত যোগাযোগ রাখতে হবে। শিক্ষার্থীর জন্য ঝুঁকির পরিমাণ নির্ধারণ এবং যথাযথ প্রতিবিধান ও পরিসেবা প্রদানে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবশ্যই ক্রাইসিস টিমের সঙ্গে যোগাযোগ রাখতে হবে। আত্মহত্যার ঝুঁকি আছে এমন শিক্ষার্থীদের সঙ্গে কাজ করার সময়ে স্কুল কর্মকর্তাদের 'সুইসাইড রেফারেন্স গাইড - পদক্ষেপগ্রহণ প্রক্রিয়া' (সংযুক্তি নম্বর ১) অবশ্যই ব্যবহার করতে **হবে**।

C. আত্মহত্যার ধারণা

1. প্রতিবিধান পদক্ষেপ

যখন একজন শিক্ষার্থী আত্মহত্যা সম্পর্কে সাধারণ ধারণা বা অনুভূতি ব্যক্ত এবং কোন কোন বিপদলক্ষণ বা সুইসাইড রেফারেন্স গাইড - আত্মহত্যা ঝুঁকির বিপদলক্ষণ (সংযুক্তি নম্বর ১)-এ উল্লিখিত লক্ষণ প্রদর্শন করে, তখন নিম্নলিখিত পদক্ষেপগুলো অবশ্যই গ্রহণ করতে হবে:

a. যথাযথ প্রতিবিধান এবং পরিসেবা নির্ধারণে ক্রাইসিস টিম অবশ্যই পরিস্থিতি মূল্যায়ন করবে।

b. এ ধরনের আচরণ সম্পর্কে অবগত কর্মকর্তাকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবহিত করতে হবে।

c. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত অবশ্যাই শিক্ষার্থীর পিতামাতাকে গুরুতর এবং সম্ভাব্য বিপজ্জনক **ধরনের** পরিস্থিতি সম্পর্কে সচেতন করে তুলবেন।

2. উত্তর-প্রতিবিধান ফলো আপ পদক্ষেপ

ক্রাইসিস টিমকে, পিতামাতার সহযোগিতায়, অবশ্যই একটি পরিকল্পনা প্রণয়ন করতে হবে নিম্নলিখিত লক্ষ্যসমূহ পূরণে:

- অব্যাহত সমর্থন এবং এবং অগ্রগতি পর্যবেক্ষণে শিক্ষার্থীর সঙ্গে নিয়মিত শিলিত হওয়ার জন্য ক্রাইসিস টিমের একজন সদস্যকে দায়িত্ব দেয়া;
- অতিরিক্ত কোন পদক্ষেপ গ্রহণ করা সম্ভব কিনা নিরূপণে স্কুলের মধ্যে এবং/অথবা চিকিৎসা পরিসেবা প্রদানকারীর সঙ্গে ফলো আপ;

- শিক্ষার্থীকে এসবিএমএইচপি অথবা বাইরের কোন মেন্টাল হেলথ স্ক্রিনিং প্রোগ্রাম, ডিপ্রেশন স্ক্রিনিং প্রোগ্রাম অতবা মানসিক স্বাস্থ্য সংস্থার কাছে পাঠান;
- শিক্ষার্থী এবং পরিবারকে অব্যাহত থেরাপিউটিক প্রতিবিধানে অংশগ্রহণে উৎসাহদান; এবং/অথবা
- শিক্ষার্থীর অগ্রগতি নিয়মিত পর্যালোচন এবং প্রতিবিধানের ফল নিরূপণে আত্মহত্যা নিবারণ, শিক্ষা এবং প্রতিবিধান দলের সঙ্গে যোগাযোগ করা।

D. যেখানে একজন শিক্ষার্থী আত্মহত্যার প্রচেষ্টা নেয় অথবা সম্ভাব্য আত্মহত্যাপ্রবণ আচরণ প্রদর্শন করে, প্রযোজ্য **ক্ষেত্রে** স্কুল কর্মকর্তার সিএসই-র কাছে রেফারেল **অথবা** একটি ৫০৪ বৈঠকের অনুরোধ করার কথা বিবেচনা করা উচিত। ৫০৪ বৈঠক পরিচালন সম্পর্কিত তথ্যের জন্য অনুগ্রহ করে http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/97054/A7101202011FINAL.pdf ওয়েবসাইটে চ্যান্সেলরের প্রবিধান A-710 দেখুন।

IV. ফলো-আপ প্রক্রিয়া

কোন শিক্ষার্থীর আত্মহত্যা প্রচেষ্টা বা আত্মহত্যাজনিত মৃত্যুর পর পরিস্থিতি মোকাবেলায় কর্মকর্তা, শিক্ষার্থী এবং পিতামাতাদের সহায়তা করার জন্য ফলো-আপ প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে হবে। নিম্নলিখিত ফলো-আপ কর্মকাণ্ড প্রত্যেক স্কুলের পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে:

A. নিম্নবর্ণিত লক্ষ্য অর্জনে একটি আত্মহত্যার ঘটনার পর যত শীঘ্রসম্ভব সব স্কুল কর্মচারী সমবায়ে একটি স্টাফ কনফারেন্স অনুষ্ঠান করতে হবে:

1. আত্মহত্যা ঘিরে গুজবের অবসান ঘটান;
2. প্রত্যেক ক্লাসে আত্মহত্যার ঘটনা মোকাবেলার লক্ষ্যে একটি পরিকল্পনা প্রণয়ন (মুক্ত আলোচনার অনুমতি দেয়া এবং আত্মহত্যার ঝুঁকিতে থাকা অন্যান্য শিক্ষার্থীকে শনাক্ত এবং আত্মহত্যার অনুকরণ এড়ানর ব্যবস্থা নেয়ার জন্য);
3. মেমোরিয়াল সার্ভিস অনুষ্ঠান বিবেচনা; এবং
4. শিক্ষার্থী, কর্মকর্তা ও সমগ্র স্কুল কম্যুনিটির শোক প্রতিক্রিয়া সামলান।

B. উৎকন্ঠা দূর এবং এমন দুর্ঘটনার পর যে ধরনের অনুভূতি হয় তা নিরসন করার জন্য স্কুল মানসিক স্বাস্থ্য কর্মী, ক্রাইসিস টিম সদস্য এবং/অথবা কম্যুনিটিভিত্তক সংগঠনগুলোর শিক্ষার্থী এবং কর্মীদের সঙ্গে ছোট ছোট দলে আলোচনায় বসা উচিত।

C. প্রিন্সিপ্যালের সঙ্গে আলোচনাক্রমে পরিবারের সদস্যদের অব্যাহত সহায়তা পরিসেবা লাভে বাইরের কোন সংগঠনে সুপারিশ করে পাঠানো।

V. অবহিতকরণ প্রক্রিয়া

A. অনলাইন অকারেন্স রিপোর্ট

সব স্কুল কর্মকর্তাকে স্কুলে আত্মহত্যাজনিত মৃত্যু, আত্মহত্যার প্রচেষ্টা এবং আত্মহত্যা করার ইচ্ছা প্রদর্শনের ঘটনা অবশ্যই নিম্নলিখিত উপায়ে ডিপার্টমেন্ট অব এডুকেশনকে অবহিত করতে হবে:

1. স্কুল কর্মকর্তাকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবহিত করতে হবে।
2. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবশ্যই অবিলম্বে যথাযথভাবে ফোনে সিএফএন ইউথ ডেভেলপমেন্ট লিয়াজোঁকে অবহিত করতে হবে।
3. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবশ্যই অবিলম্বে (718) 935-3210 নম্বরে ফোন করে ডিপার্টমেন্ট অব এডুকেশনের এমার্জেন্সি ইনফরমেশন সেন্টারে ঘটনাটি অবহিত করতে হবে।
4. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবশ্যই এক স্কুলদিবসের মধ্যে একটি 'অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম রিপোর্ট (ওওআরএস) সুইসাইড রিপোর্ট' করতে হবে। ডিওই ওওআরএস লিংকে প্রবেশ করা যাবে https://ats.nycboe.net/safety/portal/ ঠিকানায়।
5. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তকে অবশ্যই ওওআরএস দশ (১০) দিনের মধ্যে ফলো-আপ রিপোর্ট করতে হবে।

অফিস অব স্কুল অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট ওওআরএস রিপোর্ট দাখিল সম্পর্কিত যেকোন কারিগরি প্রশ্নের জবাব দেয়ার জন্য একটি হেলপ ডেস্কের ব্যবস্থা করেছে। হেল্প ডেস্ক সোমবার শুক্রবার সকাল ৮:০০ থেকে বিকাল সন্ধ্যা ৬:০০ অবধি খোলা থাকে। হেল্প ডেস্কের সঙ্গে যোগাযোগ করার জন্য (718) 935-5004 নম্বরে ফোন করে ওএসওয়াইডি ওয়েব সাপোর্ট বি.-কে চান। নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টার ফর চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট এর কাছে বিষয়টি গোচরীভূত করুন (চ্যান্সেলরের A-750, সাসপেকটেড চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট দেখুন।)

1. সব কর্মকর্তা বাধ্যতামূলকভাবে শিশু নির্যাতন এবং নিগ্রহজনিত ঘটনার রিপোর্টার। যে কর্মকর্তার কাছে প্রত্যক্ষ তথ্য আছে তিনি

ব্যক্তিগতভাবে এবং অবিলম্বে 1-800-635-1522 নম্বরে নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টার (এসসিআর) ফর চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড নেগলেক্ট-এ একটি মৌখিক রিপোর্ট করবেন যখন:

a. একজন শিক্ষার্থী সম্ভাব্য আত্মহত্যাপ্রবণ আচরণ প্রদর্শন করে এবং স্কুলের যৌক্তিক কারণ থাকে সন্দেহ করার যে শিশুটি নির্যাতিত এবং নিগৃহীত হয়েছে।

b. পিতামাতা স্কুলের সঙ্গে সহযোগিতায় কিংবা বিকল্প নিবারণমূলক পদক্ষেপগ্রহণে অস্বীকৃতি জানায় এবং শিশুটি তখনও ঝুঁকিতে থাকে।

2. এসসিআর-এ মৌখিক রিপোর্ট করার অব্যবহিত পরে কর্মকর্তাকে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই অবহিত করতে হবে যাকে এরপর ৪৮ ঘণ্টার মধ্যে এলডিএসএস ২২২১ এ (LDSS 2221 A) পূরণ করতে হবে। এই ফরমের কপি http://schools.nyc.gov/StudentSupport/NonAcademicSupport/ChildAbuse/default.htm ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে। (চ্যান্সেলরের A-750, সাসপেকটেড চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট দেখুন।)

VI. কারিগরি সহায়তা

আত্মহত্যা নিবারণ এবং প্রতিবিধান পরিকল্পন, পেশাদারিত্ব উন্নয়ন পরিচালন এবং আত্মহত্যা নিবারণ এবং প্রতিবিধান বিষয়ে শিক্ষামূলক উপকরণ চিহ্নিত করায় সিএফএন ইউথ ডেভেলপমেন্ট লিয়াজোঁ এই প্রবিধান বিষয়ে সহায়তা দিতে পারেন। কারিগরি সহায়তার জন্য নিম্নলিখিত নম্বরে অফিস অব স্কুল ইউথ অ্যান্ড ডেভেলপমেন্ট-এর সঙ্গে যোগাযোগ করুন:

VII. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কিত অনুসন্ধান নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হবে:

ফোন		ফ্যাক্স
212-374-0805	*Office of School and Youth Development* *Suicide Prevention and Intervention* N.Y.C. Department of Education 52 Chambers Street - Room 218 New York, NY 10007	212-374-5751